

উপজেলা পরিষদ কার্যালয়
গফরগাঁও, ময়মনসিংহ।

স্মারক নং- উ.প.কা/গ.ম/উপজেলা কমিটি/২০২১-

তারিখঃ ১৭/০৯/২০২১ খ্রিঃ।

নোটিশ

গফরগাঁও উপজেলা পরিষদের মহিলা ও শিশু বিষয়ক উপজেলা কমিটির সম্মানিত সদস্যগণকে জানানো যাচ্ছে যে, আগামী ৩০/০৯/২০২১ খ্রিঃ তারিখ সকাল ১০.০০ ঘটিকার নিম্নস্বাক্ষরকারীর অফিস কক্ষে সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।



(রেশমা আক্তার)
মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ
গফরগাঁও, ময়মনসিংহ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থেঃ

- ১। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
- ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গফরগাঁও, ময়মনসিংহ।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, গফরগাঁও, ময়মনসিংহ।
- ৪। উপজেলাঅফিসার, গফরগাঁও।
- ৫। চেয়ারম্যান.....ইউ.পি. গফরগাঁও, ময়মনসিংহ।
- ৬। অফিস কপি।

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়

গফরগাঁও, ময়মনসিংহ।

মহিলা ও শিশু উন্নয়ন বিষয়ক উপজেলা কমিটির কার্যবিবরণী

সভাপতি : জনাব রেশমা আক্তার, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, গফরগাঁও, ময়মনসিংহ।

সভার স্থান : উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, গফরগাঁও, ময়মনসিংহ।

সভার তারিখ : ৩০/০৯/২০২১ খ্রিঃ,

সময় : বিকাল ৩.০০ ঘটিকায়।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট-ক'

সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অতপর গফরগাঁও উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ও সদস্য সচিব কে গফরগাঁও উপজেলায় মহিলা বিষয়ক দপ্তর সংক্রান্ত ও উপজেলায় নারী উন্নয়ন বিষয়ের উপর আলোচনা করার জন্য আহ্বান করেন।

ক্রম নং	আলোচনা	সিদ্ধান্ত
১	<p>সভায় উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, নারী নির্যাতন ও বাল্য বিবাহ প্রতিরোধে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) এর ৩য় পর্যায়ের একটি সক্ষমতা বৃদ্ধি উপ-প্রকল্প “ বাল্যবিবাহ প্রতিরোধে ব্যাপক সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে মাধ্যমিক বিদ্যালয় সমূহে বিতর্ক প্রতিযোগিতার আয়োজন” এর উদ্যোগ গ্রহণ করা হয়েছিলো। উক্ত উপ-প্রকল্পটি করোনা মোহামারির কারণে শিক্ষা প্রতিষ্ঠান সমূহ বন্ধ থাকায় দীর্ঘদিন অপেক্ষা করেও কোন ভাবে বাস্তবায়ন করা যাচ্ছে না বিধায় গফরগাঁও উপজেলায় মাদক, ইভটিজিং, বাল্য বিবাহ, যৌতুক, এসিড নিক্ষেপ প্রতিরোধ ও জন্মানিবন্ধন সংক্রান্ত আইন সম্পর্কে অবহিতকরন ও সচেতনতা বৃদ্ধির জন্য “বাল্যবিবাহ প্রতিরোধে ব্যাপক সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে মাধ্যমিক বিদ্যালয় সমূহে বিতর্ক প্রতিযোগিতার আয়োজন” এই উপ-প্রকল্পটির পরিবর্তে ইউনিয়ন পরিষদ সমূহের নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটি (এনএনপিসি) এর সদস্যদের “ মাদক, ইভটিজিং, বাল্য বিবাহ, যৌতুক, এসিড নিক্ষেপ প্রতিরোধ ও জন্মানিবন্ধন সংক্রান্ত আইন সম্পর্কে অবহিতকরন ও সচেতনতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ” উপ-প্রকল্প বাস্তবায়ন করা হলে সার্বিকভাবে নারী ও শিশু নির্যাতন অনেকাংশে কমে আসবে।</p> <p>তবে “বাল্যবিবাহ প্রতিরোধে ব্যাপক সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে মাধ্যমিক বিদ্যালয় সমূহে বিতর্ক প্রতিযোগিতার আয়োজন” এই উপ-প্রকল্পটির পরিবর্তে ইউনিয়ন পরিষদ সমূহের নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটি (এনএনপিসি) এর সদস্যদের “ মাদক, ইভটিজিং, বাল্য বিবাহ, যৌতুক, এসিড নিক্ষেপ প্রতিরোধ ও জন্মানিবন্ধন সংক্রান্ত আইন সম্পর্কে অবহিতকরন ও সচেতনতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ” উপ-প্রকল্প বাস্তবায়ন করতে হলে গফরগাঁও উপজেলা পরিষদের পক্ষ হতে সুপারিশকৃত অনুমোদন এর মাধ্যমে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) এর পিএমইউ হতে চূড়ান্ত অনুমোদন অত্যাৱশ্যকভাবে গ্রহণ করতে হবে।</p>	<p>যেহেতু করোনা পরিস্থিতিতে শিক্ষা প্রতিষ্ঠানসমূহ দীর্ঘদিন যাবত বন্ধ এবং কবেনাগাদ শিক্ষা প্রতিষ্ঠানসমূহ খুলবে তা এই মুহূর্তে বলা যাচ্ছে না সেহেতু ইউজিডিপি প্রকল্পের ৩য় ধাপের আওতায় বাস্তবায়নের জন্য অনুমোদিত উপ-প্রকল্প “বাল্যবিবাহ প্রতিরোধে ব্যাপক সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে মাধ্যমিক বিদ্যালয় সমূহে বিতর্ক প্রতিযোগিতার আয়োজন” এর পরিবর্তে সমান বরাদ্দ ভ্যাট, আইটি ব্যতীত ১,১৩,৫০০/- (এক লক্ষ তের হাজার পাঁচশত টাকা মাত্র) টাকায়, ইউনিয়ন পর্যায়ের নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটির সদস্যদের জন্য “মাদক, ইভটিজিং, বাল্য বিবাহ, যৌতুক, এসিড নিক্ষেপ প্রতিরোধ ও জন্মানিবন্ধন সংক্রান্ত আইন সম্পর্কে অবহিতকরন ও সচেতনতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ” শীর্ষক একটি উপ-প্রকল্প অনুমোদনের জন্য প্রস্তাব আকারে উপজেলা পরিষদের নিকট দাখিল করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।</p> <p>এব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে অনুরোধ জানানো হয়।</p>

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(রেশমা আক্তার)

মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, গফরগাঁও।

চলমান পাতা-২

স্মারক নং- উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার অফিস/গ.ম/২০২১-

তারিখঃ ৩০/০৯/২০২১খ্রি.

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

- ১। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
- ২। উপ-পরিচালক স্থানীয় সরকার, ময়মনসিংহ।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গফরগাঁও, ময়মনসিংহ।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, গফরগাঁও, ময়মনসিংহ।
- ৫। চেয়ারম্যান.....ইউপি, গফরগাঁও, ময়মনসিংহ।



উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
গফরগাঁও, ময়মনসিংহ।